

বাংলা ভাষার দূষণ রোধে শিক্ষা মন্ত্রণালয়ের কমিটি গঠন

▶ অধ্যাপক আনিসুজ্জামান আহসায়ক

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয় গতকাল সুপ্রীম কোর্টের দুইকোটি বিতাদের নির্দেশনার অধীনে বাংলা ভাষার দূষণ, বিকৃত উচ্চারণ (যা কখনো আঞ্চলিক উচ্চারণ বোঝাবে না), বিদেশি ভাষার সুরে বাংলা উচ্চারণ ইত্যাদি রোধের উপায় নির্ধারণের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর এমিউস অধ্যাপক আনিসুজ্জামানকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করেছে। এ বিষয়ে গতকাল পিতামতিব ড: কামাল আব্দুল নাসের চৌধুরীর থাকতে এক অফিস আদেশ জারি করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন অধ্যাপক সিরোজুল ইসলাম চৌধুরী, অধ্যাপক রফিকুল ইসলাম, কবি সৈয়দ শাহসুল হক, বাংলা একাডেমীর মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক, বাংলাদেশ বেতারের মহাপরিচালক, কবি রবিক আজাদ, কবি নির্মলেন্দু গণ, অধ্যাপক মুহম্মদ জাকস ইকবাল, কথাসমৃদ্ধিত্যক সেলিনা হোসেন, অধ্যাপক সৈয়দ মঞ্জুরুল ইসলাম, তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নয়), ও সংস্কৃতি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিচে নয়)। কমিটির সদস্য-সচিব হিসেবে কাজ করবেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (অডিট ও আইন)। কমিটি প্রয়োজনে আর্থিক সদস্য কো-অপ্ট করতে পারবে। এ কমিটি যত দ্রুত সম্ভব প্রতিবেদন দাখিল করবে।